**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২২/ ২৭১৭(১২৫০) তারিখঃ ২১/০৬/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের (পলিসি শাখা) সুত্র নং-এসিডি (পলি)/৩৬(৩)/২০২২-৩২৪০, তারিখ ১৯ জুন, ২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। অত্র বিভাগের বিগত ১৩/১০/২০২১ তারিখের ৬৭৮ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১২৯০.০০ কোটি টাকা সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে মাঠ কার্যালয়ে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়। সর্বশেষ ২৫/০৫/২০২২ তারিখে সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের ১৯/০৬/২০২২ তারিখের ৩২৪০ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১২৯০ কোটি টাকার সাথে আরও ২৫.০০ কোটি টাকা বৃদ্ধি করে সর্বমোট ১৩১৫.০০(এক হাজার তিনশত পনের কোটি) কোটি বরাদ্দ পুনঃনির্ধারণ করা হয়। সে প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্তভাবে লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করা যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের অব্যবহৃত স্থিতির নূন্যতম ২০% বন্যায় ক্ষতিগ্রস্থ সিলেট, সুনামগঞ্জ, মৌলবীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় ঋণ বিতরণ করার নির্দেশনা রয়েছে।

**এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ**

**(কোটি টাকায়)**

| ক্রমিক নং | বিভাগের নাম | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (১২৯০.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের ১৯/০৬/২০২২ তারিখ ভিত্তিক | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ১৯/০৬/২০২২ তারিখ ভিত্তিক | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (২৫.০০ কোটি টাকার বিপরীতে) | পুনঃনির্ধারিত মোট লক্ষ্যমাত্রা (১৩১৫.০০ কোটি টাকার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭= (৩+৬) | ৮ |
| ০১ | ঢাকা | ২৩৫.০০ | ১৯৬.৪৪ | ৮৪% | - | ২৩৫.০০ | ৩০/০৬/২২ তারিখ এর মধ্যে বিতরণযোগ্য |
| ০২ | ময়মনসিংহ | ২২০.০০ | ১৭৭.০৭ | ৮০% | ৫.০০ | ২২৫.০০ | |
| ০৩ | চট্টগ্রাম | ৮৫.০০ | ৭০.৯১ | ৮৩% | - | ৮৫.০০ | |
| ০৪ | খুলনা | ২১০.০০ | ১৮৭.৮২ | ৮৯% | ২.০০ | ২১২.০০ | |
| ০৫ | বরিশাল | ১১৫.০০ | ৯৫.৫০ | ৮৩% | - | ১১৫.০০ | |
| ০৬ | সিলেট | ৬৫.০০ | ৫৩.৫৭ | ৮২% | ১০.০০ | ৭৫.০০ | |
| ০৭ | কুমিল্লা | ১৩০.০০ | ১১৭.৯৯ | ৯০% | ৫.০০ | ১৩৫.০০ | |
| ০৮ | ফরিদপুর | ১০৫.০০ | ৯৪.১১ | ৯০% | ৩.০০ | ১০৮.০০ | |
| ০৯ | কুষ্টিয়া | ১২০.০০ | ১০৪.১০ | ৮৭% | - | ১২০.০০ | |
| ১০ | এলপিও | ৫.০০ | - | ০% | - | ৫.০০ | |
| | সর্বমোট | ১২৯০.০০ | ১০৯৭.৫৪ | ৮৫% | ২৫.০০ | ১৩১৫.০০ | |

* সিলেট ও ময়মনসিংহ বিভাগের অনুকূলে অতিরিক্ত বরাদ্দকৃত তহবিল বাংলাদেশ ব্যাংকের ০৫/০৬/২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৩ অনুযায়ী বন্যায় ক্ষতিগ্রস্থ সিলেট, সুনামগঞ্জ, মৌলবীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ (ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, কুষ্টিয়া ও এলপিও ব্যতীত ) উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহ অনতিবিলম্বে মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ২৩/০৬/২০২২ তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং ০২ তারিখ ১৪/০৯/২০২১ এবং অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬ তারিখ ১৫/০৯/২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২২/০৬/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১,

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২৭৫৭(১২৫৩) তারিখঃ ২১/০৬/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৭/০৬/২০২২

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ
(পলিসি শাখা)

সূত্র নং- এসিডি(পলি)/৩৬(৩)/২০২২-৩২৪০

তারিখ: ১৯/০৬/২০২২।

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা।

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দকৃত তহবিল পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক জারিকৃত এসিডি সার্কুলার নং-০২ তারিখ: ১৪/০৯/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় আপনাদের ব্যাংকের অনুকূলে প্রাথমিকভাবে ১,২৯০.০০ (এক হাজার দুইশত নব্বই) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। এক্ষণে, আপনাদের অনুকূলে প্রদত্ত বরাদ্দ ১,৩১৫.০০ (এক হাজার তিনশত পনের) কোটি টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে।

উল্লেখ্য, এ বিভাগের ০৫/০৬/২০২২ তারিখের এসিডি সার্কুলার-০৩ অনুযায়ী আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের অব্যবহৃত স্থিতির ন্যূনতম ২০% বন্যায় ক্ষতিগ্রস্ত সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় বিতরণ নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত সার্কুলারদ্বয় এবং বাংলাদেশ ব্যাংকের সাথে আপনাদের ব্যাংক কর্তৃক সম্পাদিত অংশগ্রহণ চুক্তির (Participation Agreement) শর্তাবলী অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ লিয়াকত আলী মোল্লা)
পরিচালক (এসিডি)
ফোন: ৯৫৩০১৩৮

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd